পশ্চিমবঙ্গ সরকার
শিশু বিকাশ প্রকল্প আধিকারিকের করণ
বারাসত (শহর) সুসংহত শিশু বিকাশ সেবা প্রকল্প
বারাসত, উত্তর ২৪ পরগনা

স্মারক নং - ১৬৪/বিএস.টিইউ/আইসিডিএস

তাং - ১১/০৬/১৮

## বিজ্ঞপ্তি

বারাসাত পৌর অঞ্চলের সকল ওয়ার্ডের অধিবাসীকে এতদ্বারা জানানো যাচ্ছে যে বারাসাত (শহর) সুসংহত শিশু বিকাশ সেবা প্রকল্পে অঙ্গনওয়াড়ী কর্মী ও অঙ্গনওয়াড়ী সহায়িকার স্বেচ্ছাসেবামূলক বর্তমান শূন্য পদে নিযুক্তির জন্য কেবলমাত্র মহিলা প্রার্থীদের কাছ থেকে নিম্নলিখিত শর্তে আবেদনপত্র আহ্বান করা হচ্ছে। এই নিযুক্তি সম্পূর্ণ স্বেচ্ছাসেবামূলক। এ কাজে নিযুক্ত কোন কর্মী / সহায়িকা কোনমতেই সরকারী কর্মীরূপে গন্য হবেন না। এই নিযুক্তির ক্ষেত্রে পশ্চিমবঙ্গ সরকারের নারী ও শিশু বিকাশ এবং সমাজ কল্যাণ দফতরের আনুসঙ্গিক আদেশনামা প্রযোজ্য।

| | | অঙ্গনওয়াড়ী কর্মী | অঙ্গনওয়াড়ী সহায়িকা |
|---|---|---|---|
| ০১ | বর্তমানে নিযুক্তির জন্য সংরক্ষণ তালিকা অনুযায়ী মোট শূন্য পদের বিবরণ | মোট শূন্যপদ -০৪<br>অসংরক্ষিত (ইউ আর)-০২<br>তপ: জাতি -০১<br>তপ: উপজাতি -০১<br><br>শূন্য পদের সংখ্যা পরিবর্তিত হলে সরকারী নিয়ম অনুসারে নিয়োগ হবে। | মোট শূন্যপদ-৩৪<br>অসংরক্ষিত (ইউ আর)-১৪ (ওয়ার্ড নং- ১,৩,৩,৩,৯, ১১, ১২, ১৩, ১৭, ১৮, ১৯,২১, ২২,২৪,)<br>অসংরক্ষিত (প্রতিবন্ধী) -০২ (ওয়ার্ড নং- ১৮,২১)<br>ওবিসি-এ-০৫ (ওয়ার্ড নং- ১,৬, ১৯,২১,২৭)<br>ওবিসি-বি-০৩ (ওয়ার্ড নং- ১৮,২০,৩৩)<br>তপ: জাতি-০৮ (ওয়ার্ড নং-২,৩,৬,৭, ১৭, ১৭,২৩,২৮,)<br>তপ: উপজাতি -০২ (ওয়ার্ড নং-৪,৬)<br>শূন্য পদের সংখ্যা পরিবর্তিত হলে সরকারী নিয়ম অনুসারে নিয়োগ হবে। |
| ০২ | নূন্যতম শিক্ষাগত যোগ্যতা সব জাতির জন্য প্রযোজ্য | সরকারী স্বীকৃত/অনুমোদিত বোর্ড থেকে মাধ্যমিক বা সমতুল্য পাস। উচ্চতর শিক্ষাগত যোগ্যতা সম্পন্ন প্রার্থীরাও আবেদন করতে পারেন। | সরকারী স্বীকৃত/অনুমোদিত বিদ্যালয় থেকে ক্লাস এইট পাস। উচ্চতর শিক্ষাগত যোগ্যতা সম্পন্ন প্রার্থীরাও আবেদন করতে পারেন। |
| ০৩ | বয়স ০১/০১/১৮ তারিখে | ১৮ থেকে ৪৫ বছর | ১৮ থেকে ৪৫ বছর |
| ০৪ | কার্যক্ষেত্র ও নিযুক্তি তালিকা | প্রকল্প অঞ্চল ভিত্তিক | ওয়ার্ড অঞ্চল ভিত্তিক |
| ০৫ | সান্মানিক ভাতা | সরকার নির্ধারিত হারে প্রদান করা হবে | সরকার নির্ধারিত হারে প্রদান করা হবে |
| ০৬ | প্রশিক্ষণ | নিয়মানুযায়ী প্রতিটি প্রশিক্ষণ নেওয়া বাধ্যতামূলক | নিয়মানুযায়ী প্রতিটি প্রশিক্ষণ নেওয়া বাধ্যতামূলক |
| ০৭ | বাসিন্দা | **প্রকল্প অঞ্চলের বাসিন্দা হতে হবে** | **ওয়ার্ড অঞ্চলের বাসিন্দা হতে হবে** |
| ০৮ | পরীক্ষা | লিখিত পরীক্ষা- ৯০ নম্বর<br>মৌখিক পরীক্ষা-১০ নম্বর | লিখিত পরীক্ষা- ৯০ নম্বর<br>মৌখিক পরীক্ষা-১০ নম্বর |
| | | | |

| | | |
|---|---|---|
| ০৯ | দরখাস্ত জমা নেওয়া হবে | ১১/০৬/২০১৮ থেকে ১৩/০৭/১৮ তারিখ পর্যন্ত সকল কাজের দিন বেলা ১২ থেকে ৩ পর্যন্ত |
| ১০ | দরখাস্ত জমা দেওয়ার উপায় ও নিয়ম | বারাসাত (শহর) সুসংহত শিশু বিকাশ সেবা প্রকল্প আধিকারিকের করণে ১১/৬/২০১৮ থেকে ১৩/০৭/১৮ তারিখ পর্যন্ত বেলা ১২ থেকে ৩ পর্যন্ত যেকোনও কাজের দিন প্রার্থীর নাম, ঠিকানা, মোবাইল বা ল্যান্ড ফোন নং ও আবেদিত পদের নাম লেখা সীল করা খামে দরখাস্ত জমা দিতে হবে এবং নির্দিষ্ট Drop Box জমা করতে হবে। |
| ১১ | আবেদন পত্রের নমুনা | বিজ্ঞপ্তিতে উল্লিখিত আবেদন পত্রের নমুনা অনুসারে প্রার্থীকে সাদা কাগজে সহস্তে লিখিত বা ছাপানো এবং অবশ্যই নিজ স্বাক্ষরিত আবেদনপত্র জমা দিতে হবে। |
| ১২ | দরখাস্তের সঙ্গে দেয় প্রমানপত্রের/শংসাপত্রের স্বপ্রত্যয়িত প্রতিলিপি সমূহ- | ১। দুইটি স্বপ্রত্যয়িত (self attested) সাম্প্রতিকতম পাসপোর্ট সাইজ ছবি (একটি দরখাস্তে লাগিয়ে, অন্যটি খামে ভরে) প্রার্থীর নাম ঠিকানা লেখা দুটি খাম (একটি ৫/- টাকার ডাকটিকিট সম্বলিত, অপরটি ডাকটিকিট ছাড়া)<br>২। বয়সের প্রমাণ- অঙ্গনওয়াড়ী কর্মী পদের ক্ষেত্রে মাধ্যমিক বা সমতুল্য পরীক্ষার প্রবেশপত্রের (admit card) স্বপ্রত্যয়িত প্রতিলিপি এবং অঙ্গনওয়াড়ী সহয়িকা পদের ক্ষেত্রে সরকারী স্বীকৃত/অনুমোদিত বিদ্যালয় কর্তৃক প্রদত্ত বয়সের শংসাপত্রের স্বপ্রত্যয়িত প্রতিলিপি<br>৩। বাসস্থানের প্রমানপত্র- প্রার্থীকে অবশ্যই বারাসাত পৌরসভার স্থায়ী বাসিন্দা হতে হবে। স্থায়ী বাসিন্দার প্রমানপত্র হিসাবে সংশ্লিষ্ট বিধানসভার বিধায়ক/ সাংসদ/সভাধিপতি/পৌরসভার চেয়ারম্যান/সংশ্লিষ্ট ওয়ার্ডের বর্তমান কাউন্সিলর/মহাকুমাশাসক/জেলাশাসক/অতিরিক্ত জেলাশাসক দ্বারা প্রদত্ত শংসাপত্র দাখিল করতে হবে। তারসঙ্গে আবেদনকারীর বৈধ রেশন কার্ড এবং ভোটার কার্ড, আধার কার্ডের জেরক্স জমা করিতে হইবে।<br>৪। নূন্যতম শিক্ষাগত যোগ্যতার প্রমানপত্রের স্বপ্রত্যয়িত প্রতিলিপি<br>৫। জাতিগত প্রমাণপত্রের স্বপ্রত্যয়িত প্রতিলিপি (তপশীলি জাতি, উপজাতি ও অন্যান্য অনগ্রসর শ্রেণী হয়ে সংরক্ষণের সুবিধা পাওয়ার ক্ষেত্রে কেবলমাত্র মহকুমা শাসক দেয় শংসাপত্রই গ্রাহ্য হবে)<br>৬। আবেদনকারিণী শারীরিক প্রতিবন্ধী হলে উপযুক্ত কতৃপক্ষ প্রদত্ত শংসাপত্র এবং পরিচয়পত্র থাকতে হবে যার স্বপ্রত্যয়িত প্রতিলিপি দরখাস্তের সঙ্গে জমা দিতে হবে। নতুবা আবেদনকারিণীকে সাধারণ প্রার্থীরূপে গন্য করা হবে।<br>৭। পরীক্ষার সিলেবাসের বিবরণ:<br>ক) মাতৃভাষায় ১৫০টি শব্দে প্রবন্ধ রচনা (অঙ্গনওয়াড়ী কর্মী এবং অঙ্গনওয়াড়ী সহায়িকা পদের ক্ষেত্রে অষ্টম শ্রেণীর মান) :১৫ নম্বর<br>খ) পাটিগণিত (অঙ্গনওয়াড়ী কর্মী এবং অঙ্গনওয়াড়ী সহায়িকা পদের ক্ষেত্রে অষ্টম শ্রেণীর মান) :২০নম্বর<br>গ) পুষ্টি, জনস্বাস্থ্য, মহিলাদের অবস্থান :১৫নম্বর<br>ঘ) ইংরেজী ভাষায় প্রাথমিক জ্ঞান, সরল বাংলা থেকে ইংরাজী অনুবাদ অষ্টম ও নবম শ্রেণীর মান :২০নম্বর<br>ঙ) সাধারণ জ্ঞান (জেনারেল নলেজ) :২০নম্বর |

বিশেষ দ্রষ্টব্য :

১। এই নিযুক্তির ক্ষেত্রে পশ্চিমবঙ্গ নারী ও শিশু বিকাশ এবং সমাজকল্যাণ দফতরের আদেশনামা প্রযোজ্য।

২। আবেদনকারিণী কোনও ভুল তথ্য দিলে বা উপরোক্ত শর্ত লঙ্ঘন করলে আবেদন পত্র বাতিল বলে গণ্য হবে এবং এই বিষয়ে কোনও কারণ দর্শানো হবে না।

৩। শুধুমাত্র নির্ভূল ও সঠিক আবেদনপত্রের/দরখাস্তের ভিত্তিতেই পরীক্ষার প্রবেশ পত্র পাওয়া যাবে। প্রবেশ পত্র পাওয়ার দিনের তারিখ পরে ঘোষনা করা হবে।

৪। আবেদনপত্রে/দরখাস্তে কোনও অস্বাক্ষরিত পরিবর্তন অসংগত বলে বিবেচিত হবে এবং আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে।

৫। জমা আবেদনপত্রে/দরখাস্তে কোনও পরিবর্তনের কোনও অনুরোধ বিবেচিত হবে না।

৬। পদে নিযুক্তির পরেও যদি জানা যায় যে কোনও তথ্য ভুল বা অসংগত ছিল বা উপরোক্ত শর্ত লঙ্ঘন করেছিল তৎক্ষনাৎ সেই নিযুক্তি বাতিল হবে।

৭। কোনও পরীক্ষায় উপস্থিত হওয়ার জন্য কোনও গাড়ি ভাড়া বা রাহা খরচ পাওয়া যাবে না।

৮। উভয় পদের ক্ষেত্রে প্রার্থীকে মৌখিক পরীক্ষায় Call পাওয়ার জন্য লিখিত পরীক্ষায় কমপক্ষে ৩০নম্বর পাইতে হইবে।

৯। যদি কোনো প্রার্থী লিখিত পরীক্ষায় উত্তীর্ন হওয়ার পর মৌখিক পরীক্ষায় অনুপস্থিত হয় তাহলে উক্ত প্রার্থী অযোগ্য বলিয়া বিবেচিত হইবে।

১০। সরকারী নিয়মানুসারে একজন প্রার্থী সর্ব্বোচ্চ ৬৫ বছর পর্যন্ত চাকুরীরতা থাকিতে পারিবে।

Sd/-

শিশু বিকাশ প্রকল্প আধিকারিক
বারাসত (শহর) সুসংহত শিশু বিকাশ সেবা প্রকল্প
উত্তর ২৪ পরগণা

স্মারক নং - ১৬৪/ ১/( ১৩ )/বিএস.টিইউ/আইসিডিএস তাং- ১১/০৬/ ১৮

জ্ঞাতার্থে ও ব্যাপক প্রচারের উদ্দেশ্যে সংশ্লিষ্ট কার্য্যালয়ের নোটিশ বোর্ডে প্রদর্শনের অনুরোধ সহ অনুলিপি প্রেরণ করা হইল :-

১.. মাননীয় মন্ত্রী, খাদ্য ও সরবরাহ দপ্তর ও চেয়ারম্যান, জেলা অ: কর্মী ও অ: সহায়িকা নির্বাচন কমিটি
২. মাননীয় বিধায়ক বারাসাত পৌরসভা,
৩. মাননীয়. সমাজ কল্যাণ অধিকর্তা, শৈশালী কমপ্লেক্স, বিধাননগর, কলকাতা-৭০০০৬৪
৪. মাননীয় জেলাশাসক, উত্তর ২৪ পরগণা
৫. মাননীয়. মহকুমা শাসক (সদর) বারাসত
৬. মাননীয়. এ.সি.এম.ও.এইচ. বারাসত
৭. মাননীয়. জেলা তথ্য সাংস্কৃতিক আধিকারিক, উত্তর ২৪ পরগণা
৮. মাননীয়. জেলা প্রকল্প আধিকারিক (আই.সি.ডি.এস) উত্তর ২৪ পরগণা
৯. মাননীয় চেয়ারম্যান বারাসত পৌরসভা
১০. মাননীয় চেয়ারম্যান, Project Level Selection Committee
১১. মাননীয় ভারপ্রাপ্ত আধিকারিক, বারাসাত থানা
১২. মাননীয় পোষ্টমাষ্টার, বারাসাত পোষ্ট অফিস
১৩. অফিস নোটিশ বোর্ড

শিশু বিকাশ প্রকল্প আধিকারিক
বারাসত (শহর) সুসংহত শিশু বিকাশ সেবা প্রকল্প
উত্তর ২৪ পরগণা

# আবেদন পত্র

নিজ নামে স্বাক্ষরিত
এক কপি পাসপোর্ট
মাপের ছবি

প্রতি
শিশু বিকাশ প্রকল্প আধিকারিক
বারাসাত (শহর) সুসংহত শিশু বিকাশ সেবা প্রকল্প, উত্তর ২৪ পরগণা

মহাশয় ,

আপনার করণ হইতে প্রকাশিত স্মারক সংখ্যা- ১৬৪/বি.এস.টি.ইউ/আই.সি.ডি.এস, তারিখ- ১১ / ৬ /২০১৮, , অনুযায়ী আমি------------------------------বারাসাত (শহর) সুসংহত শিশু বিকাশ সেবা প্রকল্পে আঙ্গনওয়াড়ী কর্মী / আঙ্গনওয়াড়ী সহায়িকা পদের জন্য প্রার্থী হিসাবে আবেদন করছি।নিম্নে আমার সম্পর্কে প্রয়োজনীয় তথ্যসমূহ প্রদত্ত হইল :-

| | | |
|---|---|---|
| (১) | নাম | :- |
| (২) | পিতা/স্বামীর নাম/মাতার নাম | :- |
| (৩) | পূর্ণ স্থায়ী বসবাসের ঠিকানা | :- |
| (৪) | যে ওয়ার্ড/মিউনিসিপালিটির স্থায়ী বাসিন্দা তার নাম | :- |
| (৫) | জন্ম তারিখ | :- |
| (৬) | বয়স (০১/০১/২০১৮ এর নিরিখে) | :- -------- বছর ------- মাস ------- দিন |
| (৭) | সর্বোচ্চ শিক্ষাগত যোগ্যতা | :- |
| (৮) | জাতি (সঠিক স্থানে টিক দিন) | :- তপশিলীজাতি/তপশিলী উপজাতি/ওবিসি - এ/ ওবিসি - বি |
| (৯) | জাতীয়তা | :- |
| (১০) | প্রতিবন্ধী কিনা | :- |
| (১১) | মোবাইল নং | :- |

আমি এই মর্মে অঙ্গীকার করিতেছি যে আপনার করণ হইতে প্রকাশিত বিজ্ঞপ্তি নং--১৬৪/বি.এস.টি.ইউ/আই.সি.ডি.এস, তারিখ- ১১ /৬ /২০১৮,, আমি সম্পূর্ণ পড়িয়া ও আনুধাবন করিয়া সকল শর্তসাপেক্ষে জ্ঞানত এই পদে নিযুক্তির জন্য আবেদন করিতেছি । উপরোক্ত সকল তথ্য আমার জ্ঞানত সম্পূর্ণ ও সর্বৈব সত্য । কোন ভুল বা অসঙ্গত তথ্য দেওয়ার দায় সম্পূর্ণরূপে আমার ও ইহার জন্য আমার আবেদন পত্র বাতিল হইলে বা আমার নিযুক্তি প্রত্যাহৃত হইলে বা অন্যান্য সরকারী আইন মোতাবেক আমার বিরূদ্ধে ব্যবস্থা গৃহীত হইলে আমার কোন আপত্তি থাকিবে না । আমি আমার সর্বোচ্চ শিক্ষাগত যোগ্যতা, বাসস্থান সম্পর্কে কোন মিথ্যা তথ্য লিপিবদ্ধ করিনি।

তারিখ:-

স্থান:-

বিনীতা

--------------------------

( আবেদনকারিণীর পূর্ণ স্বাক্ষর)

দরখাস্তের সহিত দাখিলীকৃত নথিপত্রের তালিকা :

১)
২)
৩)
৪)
৫)

বি:দ্র: আবেদন পত্র জমা দেওয়ার সময় অন্যান্য নথিপত্রের সঙ্গে নিজ নাম ও ঠিকানা (পিনং সহ) লেখা ৫(পাঁচ) টাকার ডাকটিকিট সাঁটা একটি খাম দিতে হবে ।